

## রাহে বেলায়াত

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - বিষয় সংশ্লিষ্ট যিকর ও দু'আ  
রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

সালাতের মধ্যে ওয়াসওয়াসা বন্ধের যিকর

যিকর নং ১৮৩ : সালাতের মধ্যে ওয়াসওয়াসা বন্ধের যিকর

أعوذ بالله من الشيطان الرجيم

পূর্ববর্তী ১৫৪ নং যিকর দেখুন।

উসমান ইবনু আবীল আস (রাঃ) বলেন, আমি বললামঃ, হে আল্লাহর রাসূল, শয়তান আমার ও আমার সালাতের (মনোযোগ আনয়নের) মধ্যে বাধ সাধে এবং আমার কিরাআত এলোমেলো করে দেয়। তখন রাসূলুল্লাহ (সা.) বলেন, ঐ শয়তানের নামঃ খিনযিব। যখন এরূপ অনুভব করবে তখন (আউযু বিল্লাহ ... উপরের যিকর) পাঠ করে তোমার বাম দিকে থুথু ফেলবে। তিনবার করবে। উসমান (রাঃ) বলেনঃ আমি এরূপ করলাম, ফলে আল্লাহ উক্ত শয়তানকে আমার থেকে দূর করে দিলেন।[1]

### ফুটনোট

[1] সহীহ মুসলিম ৪/১৭২৮, নং ২২০৩।

Source — <https://www.hadithbd.com/books/link/?id=8850>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন